# Times Today BD

ডেস্ক রিপোর্ট | রাজনীতি | 24 June, 2025

সাবেক রাষ্ট্রপতি ও বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদনের পর গণমাধ্যমের সঙ্গে কথা বলেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। মঙ্গলবার (২৪ জুন) এই সময় তিনি বলেন, ভোটারবিহীন নির্বাচনের জন্য সাবেক তিন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) দায়ী থাকলেও বিএনপি চায় আইনসম্মতভাবেই তাদের বিচার হোক।

তিনি বলেন, "আমরা মব জাস্টিসে বিশ্বাস করি না।দলীয় কোনো নেতা যদি অপরাধে জড়িত হন, তাহলে তার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থাই নেওয়া হবে।"

রিজভী এ সময় আদালত প্রাঙ্গণে পুলিশের উপস্থিতিতেই আসামিদের হেনস্তার প্রসঙ্গ টেনে প্রশ্ন রাখেন, "আইনের শাসনের দেশে কীভাবে পুলিশের চোখের সামনে এমন ঘটনা ঘটে?"

মব জাস্টিস বিএনপি জিয়াউর রহমান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 05:58

URL: https://www.timestodaybd.com/politics/512613619